জুলাই, ২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব চন্দ্র দেব চাকমা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি ।
সভার তারিখ ও সময়	:	২৭/০৭/২০২১খ্রি: ; সময় : বেলা ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের নাম	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
বিবেচ্যমাস	:	জুন, ২০২১খ্রি:।

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে আর কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী	গত সভার কার্যবিবরণী অনুমোদিত।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।
২	উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায় নি। সে প্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্য্যবিবরণী দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	**সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।**
৩	**স্বাস্থ্য অধিদপ্তর :** তাঁর বিভাগের কার্যপত্র না পাওয়ায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না।	আগামী সভায় উপস্থিতির সময় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পানছড়ি।
৪	**পরিবার পরিকল্পনা অধিদপ্তর :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, চলতি মাসে পরিকল্পনা সেবা: সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১১৯৯১ জন, নুতন কনডম গ্রহীতা-১১ জন, নতুন খাবার বড়ি গ্রহীতা-৮৯ জন, নুতন ইনজেকটেবল গ্রহীতা- ১৯ জন, ইমপ্লানন গ্রহীতা-০১ জন, নুতন আইইউডি গ্রহীতা-০৬ জন, স্থায়ী পদ্ধতি : পুরুষ বন্ধ্যাকরণ- নাই মহিলা- ০১ জন। তিনি আরো জানান যে, লোগাং এফ ডব্লিউ সি ০১ জন গর্ভখালাস করা হয়েছে মর্মে সভায় জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।	স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প: প: কর্মকর্তা, পানছড়ি
৫	**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর:** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, মাঠে বিদ্যমান আউশ ও আমন ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে উপ-সহকারি কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। আগামী মৌসুমে আমের কাংখিত ফলন নিশ্চিত করার লক্ষ্যে আম চাষীদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে। সার সরবরাহ নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে প্রয়োজন মাফিক ডিলারদের সার বরাদ্ধ এবং উত্তোলন কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান যে, কাজু বাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় ৫০টি প্রর্দশনী স্থাপন এবং প্রতি ব্যাচে ৩০ জন করে সর্বমোট ৬ ব্যাচ কৃষক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের ৩০টি প্রর্দশনী স্থাপন ও ০১ ব্যাচে ৩০ জন কৃষক প্রশিক্ষণ সম্পাদন করা হয়েছে।	স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি।

৬	**মৎস্য অধিদপ্তর :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছচাষীকে অফিসে পরামর্শ প্রদান হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্রঋণ তহবিলের আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৯৪২০ লক্ষ টাকা। আদায় হার ৫৫%। বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির কারণে মৎস্য সেক্টরে যথেষ্ট প্রভাব পড়েছে এবং মাছ ব্যবসায়ী ও মাছচাষীগণ ক্ষতিগ্রস্থ হচ্ছেন বলে জানা যায়। ফলে মাছ উৎপাদন, পরিবহন এবং উৎপাদিত মাছ বাজারজাতকরণের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মাছচাষীদের সহযোগিতা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরো জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ০২টি ক্রিক বাঁধ নির্মান করা হয়েছে। (০১) ৩নং পানছড়ি সদর ইউনিয়নে স্নেহ রঞ্জন চাকমার জমিতে বাঁধ ও ড্রেইন নির্মান; (০২) ৩নং পানছড়ি সদর ইউনিয়নে যৌথ খামার পাড়ার উজেবং মহিলা সমবায় সমিতি। বর্তমানে উক্ত জলাশয়গুলোতে পোনা মজুদ করা হয়েছে।	(ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) মৎস্য সেক্টরে ক্ষুদ্রঋণ তহবিলের আওতায় বিতরণকৃত খেলাপী ঋণ বিধি অনুযায়ী আদায় করার জন্য অনুরোধ করা হয়। (গ) ২০২০-২০২১ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের নির্মান কাজ বিধি অনুযায়ী শতভাগ নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি
৭	**প্রাণি সম্পদ অধিদপ্তর :** তাঁর বিভাগের কার্যপত্র না পাওয়ায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না।	আগামী সভায় উপস্থিতির সময় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি।
৮	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ০৪ (চার) কিস্তির বরাদ্দ ১,১১,৬০,০০০/- (এক কোটি এগার লক্ষ ষাট হাজার) টাকা পাওয়া যায়। তন্মধ্যে আনুষাংগিক ব্যয় বাবদ ০.৫% বাবদ ৫৫,৮০০/- (পঞ্চান্ন হাজার আটশত) টাকা বিগত মাসের সভায় কার্যবিবরণীতে ছক "ক ও গ" মোতাবেক পিআইসি কমিটির মাধ্যমে ১৫টি প্রকল্প বাবদ ২৯,০০,০০০/- (উনত্রিশ লক্ষ) টাকা এবং দরপত্রের মাধ্যমে ২৮টি প্রকল্প বাবদ ৭৪,৪০,০০০/- (চুয়াত্তর লক্ষ চল্লিশ হাজার) টাকার ৫% টাকা ২,৯৮,০০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার) টাকার দুইটি প্রকল্প নিম্নবর্ণিত ক্রমিক নং- ১, ২নং প্রকল্প নেওয়া হয়েছে। অবশিষ্ট টাকার প্রকল্প নিম্নবর্ণিত ক্রমিক নং-৩ নেওয়া হয়েছে। (১) ৩নং পানছড়া ইউনিয়নে পূর্ব দমদম মদিনাতুল ইলুম ইসলামিক একাডেমির শ্রেণি কক্ষ নির্মাণ। ব্যয়-২,০০,০০/= (২) পানছড়ি মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ে গভীর নলকূপ স্থাপন। ব্যয়-৯৮,০০০/= (৩) পানছড়ি-উল্টাছড়ি BC রাস্তা হতে আলমের বাড়ি পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ। ব্যয়- ৭,৬৪,২০০/= (৪) উপজেলা পরিষদের বাসাবাড়ি চেংগী ভবন মেরামত বাবদ ৩,০০,০০০/= (৫) উপজেলা ভিডিপি সদস্যদের আবাসেন প্রটেকশন ওয়াল বাবদ ১,৫০,০০০/=	বিধি মোতাবেক ১নং প্রকল্পটি পিআইসি কমিটির মাধ্যমে এবং ২, ৩, ৪ ও ৫নং প্রকল্পসমূহ RFQ এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি, খাগড়াছড়ি

	উল্লেখিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন।		
৯	**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ (ত্রাণ অধিদপ্তর):** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।	(ক) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি
১০	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০টি ডিএসপি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়াছে। তন্মধ্যে ১০০টি প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে। বাকী কাজগুলো চলতি অর্থবছরে সম্পাদন করা হবে। ৫৮টি গ্রাম প্রকল্পের আওতায় ৪টি কমিউনিটি ওয়াশ ব্লকের মধ্যে ৪টির কাজ চলমান আছে। স্কুল পর্যায়ে জিপিএস প্রকল্পের আওতায় পানছড়ি উপজেলায় ৪টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল ওয়াশব্লকের কাজ চলমান আছে। তাছাড়া ১৩০টি গভীর নলকূপ চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) বিধি অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) কমিউনিটি ওয়াশব্লক নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) পানছড়ি।
১১	**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর :** প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ম থেকে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য অর্ন্তবর্তীকালীন পাঠ পরিকল্পনার ওয়ার্কসীট বা বাড়ি কাজ প্রদান, সংগ্রহ, মূল্যায়নসহ রেজিষ্টারে সংরক্ষণ এর কাজ চলমান আছে। বিদ্যালয় খোলার পূর্বপ্রস্তুতি হিসেবে বিদ্যালয়ের মাঠ, বিদ্যালয় ভবন, শ্রেণিকক্ষ, আসবাবপত্র, টয়লেট, নলকূপ, ওয়াশব্লক ইত্যাদি পরিস্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। করোনাকালীন বিভাগীয় সকল নির্দেশনা বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়ন করা হচ্ছে। শিক্ষকগণের সাথে Google Meet এ ভার্চুয়াল সভা নিয়মিতভাবে করা হচ্ছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।	(ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) অর্ন্তবর্তীকালীন পাঠপরিকল্পনার ওয়ার্কসীট বা বাড়ির কাজ যথাযথভাবে মূল্যায়নের জন্য অনুরোধ করা হয়। (গ) শিক্ষকগণের সাথে ভার্চুয়াল সভা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	প্রাথমিক শিক্ষা অফিসার পানছড়ি, খাগড়াছড়ি।
১২	**মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত প্রত্যেক শিক্ষার্থীর ডাটাবেজ প্রস্তুতের বিষয়ে প্রধান শিক্ষক এবং কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ শিক্ষকদের ০২ (দুই) দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এস.এস.সি.-২০২১ এর পরীক্ষার্থীদের জন্য পুর্নবিন্যাসকৃত পাঠ্যসূচীর আলোকে প্রদত্ত ছক অনুসারে ১ম ধাপে তিন সপ্তাহের অ্যাসাইনমেন্ট তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পাঠানো হয়েছে এবং জেলা শিক্ষা অফিসে নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/দাখিল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য পাঠানো হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	(ক) শিক্ষার্থীগণের প্রদেয় এ্যাসাইনমেন্ট যথাযথভাবে মূল্যায়নসহ এ কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি।
১৩	**সমাজসেবা অধিদপ্তর :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা অনলাইন বিকাশ একাউন্টের মাধ্যমে প্রদান করা হয়। কিন্তু বিভিন্ন জটিলতার কারণে কিছু ভাতাভোগীর টাকা তাদের স্ব-স্ব বিকাশ একাউন্টে জমা হয়নি। এতদসংক্রান্ত নামের তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।	(ক) বিকাশ একাউন্টের মাধ্যমে উপকারভোগীদের ভাতা বিতরণ নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। (খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি।